

## ■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭২২

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৫১. ঘুমের সময় দু'আ

بَابُ الدُّعَاءِ عِنْدَ النَّوْمِ

আরবী

أَخْبَرَنَا أَبُو النُّعْمَانَ حَدَّثَنَا حَمَادُ بْنُ زَيْدٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ  
الْمَقْبُرِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَوَى أَحَدُكُمْ إِلَى  
فِرَاسَةٍ فَلْيَنْفُضْ فِرَاسَهُ بِدَاخِلَةٍ إِذَا رَأَاهُ فَإِنَّهُ لَا يَدْرِي مَا خَلَفَهُ فِيهِ وَلَيُقْلِلْ اللَّهُمَّ بِكَ وَضَعْتُ  
جَنْبِي وَبِكَ أَرْفَعْهُ اللَّهُمَّ إِنْ أَمْسَكْتَ نَفْسِي فَاغْفِرْ لَهَا وَإِنْ أَرْسَلْتَهَا فَاحْفَظْهَا بِمَا تَحْفَظُ بِهِ  
عِبَادَكَ الصَّالِحِينَ

বাংলা

২৭২২. আবু হুরাইরাহ রাদিয়ান্নাহ আনন্দ হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুন্নাহ সান্নান্নাহ আলাইহি ওয়াসান্নাম বলেছেনঃ “যদি তোমাদের কোন ব্যক্তি শয্যা গ্রহণ করতে যায়, তখন সে যেন তার লুঙ্গির ভেতর দিয়ে নিজ বিছানাটা ঝেড়ে নেয়। কারণ, সে জানে না যে, বিছানার উপর তার অনুপস্থিতিতে পীড়াদায়ক কোন কিছু আছে কিনা। তারপর পড়বেঃ ‘হে আমার রব! আপনারই নামে আমার শরীরটা বিছানায় রাখলাম এবং আপনারই নামে আবার উঠবো। যদি আপনি ইতোমধ্যে আমার জান কবয় করে নেন তা হলে, তার উপর রহম করবেন। আর যদি তা আমাকে ফিরিয়ে দেন, তবে তাকে এমনভাবে হিফায়ত করবেন, যেভাবে আপনি আপনার নেক বান্দাদের হিফায়ত করে থাকেন।’”[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম উভয়ে সমন্বিতভাবে বর্ণনা করেছেন।

তাখরীজ: বুখারী, দাওয়াত ৬৩২০; মুসলিম, যিকর ওয়াদ দু'আ ২৭১৪।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিবান নং ৫৫৩৪, ৫৫৩৫ তে।

সংযোজনী: বাগাবী, শারভস সুন্নাহ ৫/৯৯ নং ১৩১৩; ইবনুস সুন্নী, আমলুল ইয়াওমু ওয়াল লাইলাহ নং ৭১০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁচনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83007>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন